# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৯১. কোন মুক্তাদীর জন্য আগের কাতারে জায়গা থাকা সত্ত্বেও পরের কাতারে তার একাকী নামায পড়া

’আলী বিন্ শাইবান (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা রাসূল (সা.) এর পিছনে নামায পড়ছিলাম। নামায শেষে তিনি জনৈক ব্যক্তিকে মুসল্লীদের কাতারের পিছনে একাকী নামায পড়তে দেখলেন। রাসূল (সা.) তার নিকট দাঁড়িয়ে তার নামায খানা শেষ হওয়ার অপেক্ষা করছিলেন। অতঃপর তার নামায শেষে তাকে উদ্দেশ্য করে বললেন:

اِسْتَقْبِلْ صَلاَتَكَ ، فَلاَ صَلاَةَ لِفَرْدٍ خَلْفَ الصَّفِّ

“তোমার নামায খানা আবার নতুন করে পড়ে নাও। কারণ, কেউ কাতারের পিছনে একাকী নামায পড়লে তার নামায আদায় হয় না।[1]

>

ফুটনোট

[1] (ইবনু খুযাইমাহ্, হাদীস ১৫৬৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন